

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৯.২০১৩-

৫৪৬

.০৭.১৪২১ বঙ্গাব্দ

তারিখঃ

০২ .১৪.২০১৪ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ মোকাম্মেল হক, সহকারী ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট গত ২১.১২.২০০৬ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;


যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে ০৩.১১.২০১৩ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ মোঃ মোকাম্মেল হক, সহকারী ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ২২.১২.২০১১ তারিখ হতে কার্যকর হবে।

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হল।


৩০.১০.১৪.
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ক্রমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৯.২০১৩-

৫৪৬/১(২)

তারিখঃ ০২ .১৪.২০১৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। উপ-সচিব (পার-২/পার-৩/পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। সিভিল সার্জন, সিলেট
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট
- ৯। ডাঃ মোঃ মোকাম্মেল হক, সহকারী ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট (স্থায়ী ঠিকানাঃ পিতা-মোঃ মোস্তফা কামাল, গ্রামঃ-চরফলকন, ডাকঘরঃ- লুখুয়া ফলকন, উপজেলা-রামগতি, জেলা-লক্ষ্মীপুর)


(মোঃ আনোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৬.২০১৩-৬৪৮

তারিখঃ ০২.১১.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ সাহেব আলী (৪৩৭২৫), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), সার্জারী, সদর হাসপাতাল, লালমনিরহাট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনামুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ২৭.০৮.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৬.২০১৩-৩৭৩নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন ০১.০৩.২০১৩ইং তারিখ হতে ০২.০৯.২০১৪ তারিখ পর্যন্ত বিনামুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ সাহেব আলী (৪৩৭২৫), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), সার্জারী, সদর হাসপাতাল, লালমনিরহাট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৬.২০১৩-৬৪৮/১৬২২

তারিখঃ ০২.১১.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রংপুর বিভাগ, রংপুর
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, লালমনিরহাট
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, লালমনিরহাট
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। ডাঃ মোঃ সাহেব আলী (৪৩৭২৫), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), সার্জারী, সদর হাসপাতাল, লালমনিরহাট



(শেঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৮.২০১৪-

১৪৩

তারিখঃ ০২/১১/২০১৪ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ গোলাম রব্বানী (১১৩৩৭৪), প্রাক্তন সহকারী রেজিষ্ট্রার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা


যেহেতু, আপনি ডাঃ মোঃ গোলাম রব্বানী (১১৩৩৭৪), প্রাক্তন সহকারী রেজিষ্ট্রার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১.০৪.২০১৩ তারিখে ০১.০৫.২০১৩ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে ০৩ বছরের জন্য লিয়েনের আবেদন করে লিয়েন মঞ্জুর ব্যতিত যুক্তরাজ্য গমন করেন এবং Norfolk and Norwich University Hospitals এ Trust Doctor Accident and Emergency পদে যোগদান করেন;

যেহেতু, আপনি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত অননুমোদিতভাবে ০১.০৫.২০১৩ তারিখ হতে ৩০.০৬.২০১৪ তারিখ পর্যন্ত ০১(এক) বছর যুক্তরাজ্যে চাকুরি করে দেশে প্রত্যাবর্তনপূর্বক গত ১৪.০৭.২০১৪ তারিখে ভূতাপেক্ষভাবে লিয়েন মঞ্জুরের জন্য আবেদন করেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষেণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালায় অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ গোলাম রব্বানী (১১৩৩৭৪)
প্রাক্তন সহকারী রেজিষ্ট্রার
ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-বালারামপুর, ডাকঘর-তুলসিরহাট, রাজশাহী-৫৭০০)


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৮.২০১৪-

১৪৩/১৫০

তারিখঃ ০২/১১/২০১৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)
- ৩। উপ-সচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(মোঃ আনোয়ার হোসেন)


সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ মোঃ গোলাম রব্বানী (১১৩৩৭৪), প্রাক্তন সহকারী রেজিষ্ট্রার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১.০৪.২০১৩ তারিখে ০১.০৫.২০১৩ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে ০৩ বছরের লিয়েনের আবেদন করে লিয়েন মঞ্জুর ব্যতিত যুক্তরাজ্য গমন করেন এবং Norfolk and Norwich University Hospitals এ Trust Doctor Accident and Emergency পদে যোগদান করেন। তিনি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত অননুমোদিতভাবে ০১.০৫.২০১৩ তারিখ হতে ৩০.০৬.২০১৪ তারিখ পর্যন্ত ০১(এক) বছর যুক্তরাজ্যে চাকুরি করে দেশে প্রত্যাবর্তনপূর্বক গত ১৪.০৭.২০১৪ তারিখে ভূতাপেক্ষভাবে লিয়েন মঞ্জুরের জন্য আবেদন করেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১৪-

তারিখঃ ০২.১১.২০১৪ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ শফিকুল ইসলাম (৪০২৯৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সরিষাবাড়ী, জামালপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১.০৪.২০১৩ তারিখের ৪৫.১৪৬.০০৩.০০.০০১.২০১৩-৪৩৪নং প্রজ্ঞাপনে আপনাকে ২৫(পঁচিশ) দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হলে আপনি ২০.০২.২০১৪ তারিখ হতে ছুটি ভোগ করে পরবর্তীতে ০৭.০৪.২০১৪ তারিখে কর্মস্থলে যোগদান করেন;

যেহেতু, আপনি ১৭.০৩.২০১৪ তারিখ হতে ০৬.০৪.২০১৪ তারিখ মোট ২১(একুশ) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;


যেহেতু, আপনি প্রায়শঃ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং বিলম্বে কর্মস্থলে উপস্থিত হন। এ বিষয়ে আপনার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ আপনাকে বার বার সতর্ক করার পরও আপনার অভ্যাসের কোন পরিবর্তন হয়নি;

যেহেতু, আপনার অসহযোগিতার কারণে স্বাস্থ্য বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে এবং অসহায়, দরিদ্র ও প্রসূতী রোগী সরকারী চিকিৎসা সেবা হতে বঞ্চিত হচ্ছেন;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কার্যকলাপ শুংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে যেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমানার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

আপনার বিরুদ্ধে প্রণীত অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব


ডাঃ মোঃ শফিকুল ইসলাম (৪০২৯৮)
জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
সরিষাবাড়ী, জামালপুর
(স্থায়ী ঠিকানাঃ- গ্রামঃ-মিয়া, ডাকঘর-পিংনা, থানাঃ-সরিষাবাড়ী, জেলা-জামালপুর)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৪-

তারিখঃ ০২.১১.২০১৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাসীটে সংরক্ষণ করার জন্য)
- ৩। সিভিল সার্জন, নোয়াখালী (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(মোঃ নূরুন্নোয়ার হোসেন)
সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১.০৪.২০১৩ তারিখের ৪৫.১৪৬.০০৩.০০.০০.০০১.২০১৩-৪৩৪নং প্রজ্ঞাপনে ডাঃ মোঃ শফিকুল ইসলাম (৪০২৯৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সরিষাবাড়ী, জামালপুরকে ২৫(পঁচিশ) দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হলেও তিনি ২০.০২.২০১৪ তারিখ হতে ছুটি ভোগ করে পরবর্তীতে ০৭.০৪.২০১৪ তারিখে কর্মস্থলে যোগদান করেন। তিনি ১৭.০৩.২০১৪ তারিখ হতে ০৬.০৪.২০১৪ তারিখ মোট ২১(একুশ) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তিনি প্রায়শঃ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং বিলম্বে কর্মস্থলে উপস্থিত হন। এ বিষয়ে তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তাকে বার বার সতর্ক করার পরও তাঁর অভ্যাসের কোন পরিবর্তন হয়নি। তাঁর অসহযোগিতার কারণে স্বাস্থ্য বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে এবং অসহায়, দরিদ্র ও প্রসূতী রোগী সরকারী চিকিৎসা সেবা হতে বঞ্চিত হচ্ছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১৩-

৮০৪

০৭.১৪২১ বঙ্গাব্দ

তারিখঃ

০২.১১.২০১৪ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ কামরুল হাসান (১১২৫৮৯), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বটিয়াঘাটা, খুলনা গত ০১.১২.২০০৬ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;


যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে ২৬.০২.২০১৩ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে, এবং এই অবসান ডাঃ মোঃ কামরুল হাসান (১১২৫৮৯), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বটিয়াঘাটা, খুলনা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০২.১২.২০১১ তারিখ হতে কার্যকর হবে।

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হল।


(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১২-

৮০৪/১৬

তারিখঃ ০২.১১.২০১৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভ্যুত্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। উপ-সচিব (পার-২/পার-৩/পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। সিভিল সার্জন, খুলনা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ মোঃ কামরুল হাসান (১১২৫৮৯), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বটিয়াঘাটা, খুলনা (স্থায়ী ঠিকানাঃ ১৪২/৮ টুটপাড়া মেইন রোড, খুলনা)


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৪.২০১৩-১৫৫

তারিখঃ

০২.১৪.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ মোঃ হারুন-অর-রশীদ (১০১২২৩২), মেডিকেল অফিসার, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ১৮.০৩.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৪.২০১৩-৩০৩নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ হারুন-অর-রশীদ (১০১২২৩২), মেডিকেল অফিসার, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেটকে তীর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৬.১১.২০১১ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


৩০.১৫.১৪

(এম. এম. নিয়াজউদ্দিন)

সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৪.২০১৩-১৫৫/১ (২০)

তারিখঃ ০২.১৪.২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। পরিচালক, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। বিভাগীয় হিসাবনিয়ন্ত্রক, সিলেট বিভাগ, সিলেট
- ৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডাঃ মোঃ হারুন-অর-রশীদ (১০১২২৩২), মেডিকেল অফিসার, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট (স্থায়ী ঠিকানাঃ- গ্রামঃ-পূর্বদরপুর, ডাকঘরঃ-ধানাঃ- ঝিকরগাছা, জেলা-যশোর)


(মোঃ আনোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd